সংবাদ

তারিখ ... 14 OCT 2016 ...
পৃষ্ঠা ... ১৬ ... কলাম ... ৬ ...

# পরীক্ষা চলাকালে বন্ধ হবে না ফেসবুক

নিজস্ব বার্তা পরিবেশক

আসন্ন প্রাথমিক শিক্ষা সমাপনী ও জেএসসি পরীক্ষা চলাকালে 'ফেসবুক' বন্ধ রাখার বিষয়ে কোন সিদ্ধান্ত হয়নি। পরীক্ষা চলাকালে ফেসবুক বন্ধ রাখার সিদ্ধান্ত নিয়েছে মন্ত্রণালয়- এমন তথ্য কিছুদিন ধরে সামাজিক যোগাযোগ মাধ্যমে ছড়িয়ে পড়লেও প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় বলছে, এ তথ্য ঠিক নয়। মন্ত্রণালয় ফেসবুক বন্ধের কোন সিদ্ধান্ত নেয়নি।

প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সচিব মোহাম্মদ আসিফ-উজ-জামান এবং পরীক্ষা কমিটির প্রধান অতিরিক্ত সচিব নজরুল ইসলাম খান এ বিষয়ে বিভ্রান্ত না হওয়ার জন্য সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল প্রাথমিক ও গণশিক্ষা সচিব মোহাম্মদ আসিফ-উজ-জামান বলেছেন, 'পঞ্চম শ্রেণীতে অনুষ্ঠিত প্রাথমিক শিক্ষা সমাপনী ও অষ্টম শ্রেণীর সমাপনী (জেএসসি) **পরীক্ষা : পৃষ্ঠা : ২ ক : ২**

## পরীক্ষা চলাকালে

(১৬ পৃষ্ঠার পর)

পরীক্ষা চলাকালে ফেসবুক বন্ধ রাখার কোন সিদ্ধান্তই হয়নি। এমন কোন মিটিং বা সিদ্ধান্তের বিষয়েও আমি কিছু জানি না। তবে সে রকম কিছু যদি হয়েও থাকে, তাহলে আমরা সে সিদ্ধান্ত বাতিল করব।'

গত কয়েকদিন ধরেই বিভিন্ন সামাজিক যোগাযোগ মাধ্যমে পরীক্ষা চলাকালে ফেসবুক বন্ধের খবর প্রকাশ হচ্ছিল। এরপর থেকেই প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় সমালোচনার মুখে পড়ে। তবে এ বিষয়ে গণশিক্ষা মন্ত্রণালয় আনুষ্ঠানিকভাবে কোন বক্তব্য দেয়নি।

মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানিয়েছেন, গত ১১ আগস্ট অনুষ্ঠিত সমাপনী পরীক্ষার পূর্ব প্রস্তুতিবিষয়ক বৈঠকে পরীক্ষা চলাকালে ফেসবুক বন্ধ রাখার বিষয়ে কেউ কেউ সুপারিশ করেছিলেন। কিন্তু কোন সিদ্ধান্ত হয়নি। ওই বৈঠকে সভাপতিত্ব করেন প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের তৎকালীন সচিব হুমায়ুন খালিদ।

অতিরিক্ত সচিব নজরুল ইসলাম খানকে আহ্বায়ক করে ২৫ সদস্যবিশিষ্ট একটি পরীক্ষা কমিটি গঠন করা হয়। সমাপনী পরীক্ষার পূর্ব প্রস্তুতি বিষয়ক বৈঠকের কার্যবিবরণীতে বলা হয়েছে, 'পরীক্ষা চলাকালে ইন্টারনেট বন্ধ, কোচিং সেন্টারে নজরদারি ও ফটোকপিয়ারের দোকান বন্ধ করার বিষয়ে আলোচনা হয়। অনেকে কোচিং সেন্টার বন্ধ করার বিষয়ে পরামর্শ দেন।